

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ২৭, ২০১৮

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২৩ মে ২০১৮ খ্রিস্টাব্দ/০৯ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৬২.০১০.১৬-৩৫।—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ২২ এপ্রিল, ২০১৮ তারিখের স্মারক নং-১০.০০.০০০০.১২৫.৯৯.০০১. ১৭-৩১৫ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৭ মে, ২০১৮ তারিখের স্মারক নং-০৫.০০.০০০০.১৪০. ১৯.০২৯.১৭-১৯৩ নং-এর পরিপ্রেক্ষিতে গাজীপুর ও খুলনা সিটি কর্পোরেশনের মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচনি বিরোধ সংক্রান্তে দায়েরকৃত নির্বাচনি আপীল গ্রহণ, শুনানি ও নিষ্পত্তির লক্ষ্যে যথাক্রমে গাজীপুর ও খুলনা জজশীপের অতিরিক্ত জেলা জজ ১ম আদালতে কর্মরত “অতিরিক্ত জেলা জজ” এবং একই জেলাসমূহের “অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট” এর সমন্বয়ে “নির্বাচনি আপিল ট্রাইব্যুনাল” গঠন করিল। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট জেলার অতিরিক্ত জেলা জজ চেয়ারম্যান হিসেবে এবং অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সদস্য হিসেবে “নির্বাচনি আপিল ট্রাইব্যুনাল” এর দায়িত্ব পালন করবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ শরীফ হোসেন হায়দার  
উপসচিব (আইন)।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৬০৫৯)

মূল্য : টাকা ৪.০০